সংবাদ বিজ্ঞপ্তি

# পরিবেশ ও দুর্নীতি বিষয়ক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতা ২০১০

**ব্র্যাক ইউনিভার্সিটি, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি এবং টিআইবি'র উদ্যোগে আয়োজিত**

**ঢাকা, মঙ্গলবার, ৭ ডিসেম্বর ২০১০ঃ** "পরিবেশ রক্ষা আর দুর্নীতি নিয়ন্ত্রণ করেই টেকসই উন্নয়নের পথে আমাদের অগ্রসর হতে হবে আর এক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিতে হবে তরুণদের" বললেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। আজ সকালে ব্র্যাক ইউনিভার্সিটি মিলনায়তনে ব্র্যাক ইউনিভার্সিটি ডিবেটিং ক্লাব, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ডিবেটিং ক্লাব ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-র উদ্যোগে আয়োজিত পরিবেশ ও দুর্নীতি বিষয়ক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতা ২০১০ এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

সারাদেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন কলেজ থেকে আগত প্রায় তিনশত জন তরুণ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ড. শাহদীন মালিক, পরিচালক, স্কুল অব ল, ব্র্যাক ইউনিভার্সিটি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন টিআইবি'র নির্বাহী পরিচালক। এছাড়া ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষক ড. তুরীন আফরোজ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কামরুল হাসানসহ অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিপুল সংখ্যক শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন। উপস্থিত সকলে উদ্বোধনী অনুষ্ঠানে দুর্নীতিবিরোধী শপথ গ্রহণ করেন।

উল্লেখ্য, আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১০ উদযাপন উপলক্ষ্যে টিআইবি এ উদ্যোগ গ্রহণ করেছে। ব্র্যাক ইউনিভার্সিটি এবং ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে দুই দিনব্যাপী এ প্রতিযোগিতা আয়োজিত হবে। ৮ ডিসেম্বর ব্র্যাক সেন্টার ইন এর অডিটোরিয়ামে পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠিত হবে। পরিবেশ ও দুর্নীতি বিষয়ক এ ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় মিডিয়া পার্টনার হিসেবে সহযোগিতা করছে বাংলা ভিশন ও রেডিও এবিসি এবং কো-অপারেটিং অর্গানাইজেশন হিসেবে থাকছে দ্য ডেইলি স্টার।

**গণমাধ্যম যোগাযোগ**

এস. এম. রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইলঃ rezwan@ti-bangladesh.org
ফোনঃ ০১৭১৩০৬৫০১২